

বিষয়: মাসিক ভিত্তিতে ক্যাথডিক প্রটেকশন সিস্টেম মনিটরিং প্রতিবেদন (ফেব্রুয়ারি, ২০২২)


জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে মাসিকভিত্তিতে পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং এর লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত রয়েছে। এ বিভাগের প্রশাসন-২ অধিশাখার গত ০৮-১২-২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৫০০ নং স্মারকের মাধ্যমে পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং করার জন্য একটি টিম গঠন করা হয়েছে। কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি গত ০১/০৩/২০২৩ তারিখে পেট্রোবাংলার আওতাধীন গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড(জিটিসিএল) কোম্পানি'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে অনলাইন সভায় মাধ্যমে চলমান পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে মোট ৮(আট) টি সিদ্ধান্ত গ্রহীত হয় যার মাধ্যমে চলমান মনিটরিং কার্যক্রম আরও জোরদার হবে।


২.০ বাস্তবায়ন অগ্রগতি:

ফেব্রুয়ারি, ২০২৩ মাসের জিটিসিএলের সকল পাইপলাইনের মাসিক রক্ষণাবেক্ষণ এর প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে এবং ঠিকাদারগণ কর্তৃক সিপি সিস্টেম এর পার্ট-এ, বি ও সি এর ফেব্রুয়ারি-২০২৩ মাসের রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। মাঠ পর্যায়ে তথ্য আহরণ সংক্রান্ত কোন সমস্যা হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হচ্ছে। জিটিসিএল কর্তৃক পরিচালিত প্রতিটি পাইপলাইনের টেস্ট পয়েন্ট থেকে রিডিং সংগ্রহ পূর্বক পাইপলাইনসমূহ যথাযথ কার্যরত রয়েছে। নতুন একটি পাইপলাইন বগুড়া-রংপুর-সৈয়দপুর এর সিপি সিস্টেম ইন্সটলের জন্য টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। পাইপলাইন ভেন্ডর কোম্পানির সাথে জিটিসিএলের সাথে নিয়মিত সভা অথবা প্রতিবেদনের উপর আলোচনা করা প্রয়োজন। মাঠ পর্যায়ে রিডিং নেওয়ার সময় জিটিসিএলের কর্মকর্তা এবং ভেন্ডর কোম্পানির উপস্থিতিতে প্রতিবেদন প্রস্তুত করা হয়ে থাকে। টাংগাইল জেলার একটি সিপি স্টেশন পরিদর্শনকালে সেখানকার সাইনবোর্ড এবং নাম ফলক তথ্য স্পষ্ট ছিল না।

২.২ ঠিকাদারগণ কর্তৃক সিপি সিস্টেম এর মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে মনিটরিং কমিটির নিকট প্রেরণ করা প্রয়োজন। সিলেটের কয়েকটি সিপি স্টেশন পরিদর্শনকালে জানা যায় আউটসোর্সিংয়ের নিয়োজিত কর্মীদের সিপি স্টেশন সম্পর্কে কোন ধারণা নাই, তাদের বেতন ভাতাদি নিয়মিত পরিশোধ করা হয় না এবং সাইনবোর্ডসহ কয়েকটি নামফলক অস্পষ্ট পাওয়া যায়। বগুড়া-রংপুর-সৈয়দপুর এর সিপি সিস্টেম চালু করার পূর্বে মনিটরিং কমিটি পরিদর্শন করবে। জিটিসিএল হতে জানানো হয় যে, মাঠ পর্যায়ের সিপি সিস্টেম মনিটরিং কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে এবং সাইনবোর্ড ও অন্যান্য মেকানিক্যাল মেইনটেনেন্স জিটিসিএল এর অন্য একটি ডিপার্টমেন্ট প্রতি দুই বছর পর পর করে থাকে। পাইপ লাইনের রং ও অন্যান্য মেইনটেনেন্স কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করা প্রয়োজন। খার্ড পার্টির মাধ্যমে সিপি স্টেশন পরিদর্শন করার সময় জিটিসিএল এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতি এবং রিপোর্টে উপস্থিত সদস্যের স্বাক্ষরিত প্রতিবেদন দাখিল করা প্রয়োজন।


৩. সভার স্থিরচিত্র







৪.০ সিদ্ধান্ত/সুপারিশ


ক্রম	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
১	পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম অনলাইন মনিটরিং এর বিষয়ে জিটিসিএল হতে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে;	জিটিসিএল
২	চট্টগ্রাম জেলার আনোয়ারা-মহেশখালী পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মার্চ, ২০২৩ সময়ে মনিটরিং টিম পরিদর্শন করবে;	জিটিসিএল এবং ক্যাথডিক সিস্টেম মনিটরিং টিম
৩	ঠিকাদারগণ কর্তৃক সিপি সিস্টেম এর মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে এ বিভাগের মনিটরিং কমিটির নিকট প্রেরণ করতে হবে;	জিটিসিএল
৪	বগুড়া-রংপুর-সৈয়দপুর এর সিপি সিস্টেম চালু করার পূর্বে মনিটরিং কমিটি সরিজমিনে পরিদর্শন করবে;	জিটিসিএল এবং ক্যাথডিক সিস্টেম মনিটরিং টিম
৫	সিপি স্টেশনের সাইনবোর্ড হালনাগাদ ও অন্যান্য মেকানিক্যাল সরঞ্জামাদি নিয়মিত তদারকি করতে হবে;	জিটিসিএল
৬	প্রত্যেকটি সিপি স্টেশনে নিরাপত্তা কার্যক্রম জোরদার করতে হবে;	জিটিসিএল
৭	মনিটরিং সিস্টেম আরও জোরদার করার লক্ষ্যে ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে জিটিসিএলের নিয়মিত সভা করতে হবে;	জিটিসিএল
৮	পাইপলাইন লিক ডিটেক্টর ভেহিক্যাল ক্রয় করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।	জিটিসিএল


 জনাব মোঃ হাফিজুর আলম
 প্রোগ্রামার
 জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী
 যুগ্মসচিব
 জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


 জনাব এম নাসিমুল আলীম
 উপ-মহাব্যবস্থাপক (ভিজিলাস)।
 পেট্রোবাংলা


 শাহিনা খাতুন পিএএ
 যুগ্মসচিব (পেরিকল্পনা উইং)
 জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


 এ কে এম মিজানুর রহমান
 উপসচিব (প্রশাসন-৩)
 জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ